গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
আইসিটি সেল

সুরক্ষা সেবা বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের ইনোভেশন টিমের ২০২১-২২ অর্থবছরের ৩য় সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | ড. তরুণ কান্তি শিকদার<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ১০ মার্চ ২০২২ |
| সভার সময় | বিকাল ০৩.০০ টা |
| স্থান | Zoom Online Platform |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য উপসচিব (প্রশাসন-৩ ও সদস্য সচিব)-কে অনুরোধ করেন। অতঃপর সদস্য সচিব নিম্নরূপে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন:

**১.০ আলোচ্য বিষয়:** ন্যূনতম একটি নতুন উদ্ভাবনী ধারণা, সেবা সহজিকরণ ও সেবা ডিজিটাইজ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও আশু করণীয় নির্ধারণ।

**১.১ আলোচনা:** সুরক্ষা সেবা বিভাগের ইনোভেশন টিমের সদস্য সচিব সভায় সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও অধীন অধিদপ্তরসমূহের ইনোভেশন টিমের সদস্যবৃন্দের সদয় অবগতির জন্য উল্লেখ করেন যে, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও অধীন অধিদপ্তরসমূহের ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ১.১, ১.২ এবং ১.৩ কার্যক্রম অনুসারে একটি নতুন উদ্ভাবনী ধারণা ১৬ মার্চ ২০২২ তারিখ, একটি সেবা সহজিকৃত ২৫ ফেব্রুয়ারি ২০২২ এবং ন্যূনতম একটি সেবা ডিজিটাইজকৃত ৩০ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে বাস্তবায়ন এবং এ সংক্রান্ত অফিস আদেশ জারি করার লক্ষ্যমাত্রা রয়েছে। পরবর্তীতে সুরক্ষা সেবা বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহ হতে নিম্নলিখিত উদ্ভাবনী ধারণা, সেবা সহজিকরণ, সেবা ডিজিটাইজকরণের কার্যক্রমের অগ্রগতি নিম্নলিখিতভাবে সভায় উপস্থাপন করা হয়:

**অফিসের নাম: সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

| কার্যক্রম (লক্ষ্যমাত্রা) | বাস্তবায়িত কার্যক্রম | তারিখ (লক্ষ্যমাত্রা) | বাস্তবায়নের তারিখ |
|---|---|---|---|
| একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত | অনলাইন সিকিউরিটি ক্লিয়ারেন্স সিস্টেম | ১৬/০৩/২০২২ | কার্যক্রম চলমান |
| একটি সেবা সহজিকৃত | সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে কোটাভুক্ত বাসা (শুধু A, B, C টাইপ) বরাদ্দের কার্যক্রম সহজিকরণ। | ২৫/০২/২০২২ | ২৪/০২/২০২২ |
| ন্যূনতম একটি সেবা ডিজিটাইজকৃত | ১. বিনা ভিসায় আগতদের আগমনী ভিসা (Visa on Arrival) প্রাপ্তির আবেদন।<br>২. দ্বৈত নাগরিকত্ব সনদপত্র প্রাপ্তির আবেদন।<br>৩. বাংলাদেশ নাগরিকত্ব পরিত্যাগ অনুমতির আবেদন। | ৩০/১২/২০২১ | ২৯/১২/২০২১ |

**অফিসের নাম: ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর**

| কার্যক্রম (লক্ষ্যমাত্রা) | বাস্তবায়িত কার্যক্রম | তারিখ (লক্ষ্যমাত্রা) | বাস্তবায়নের তারিখ |
|---|---|---|---|
| একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত | পাসপোর্ট তথ্য সহায়িকা অ্যাপস (এন্ড্রয়েড) | ১৬/০৩/২০২২ | কার্যক্রম চলমান |
| একটি সেবা সহজিকৃত | তথ্য সেবায় কিয়স্কের ব্যবহার | ২৫/০২/২০২২ | ১৫/০২/২০২২ |
| ন্যূনতম একটি সেবা ডিজিটাইজকৃত | পার্সোনালাইজেশন রিপোর্টিং সফটওয়্যার | ৩০/১২/২০২১ | ২৭/১২/২০২১ |

**অফিসের নাম: কারা অধিদপ্তর**

| কার্যক্রম (লক্ষ্যমাত্রা) | বাস্তবায়িত কার্যক্রম | তারিখ (লক্ষ্যমাত্রা) | বাস্তবায়নের তারিখ |
|---|---|---|---|
| একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত | সাজাপ্রাপ্ত বন্দিদের মুক্তির তারিখ নির্ধারণী অ্যাপস (পিডিআর ক্যালকুলেটর/বন্দি ক্যালকুলেটর)। | ১৬/০৩/২০২২ | ১৫/০২/২০২২ |
| একটি সেবা সহজিকৃত | বন্দির স্বজনদের সাথে অডিও কলের সাথে ভিডিও কল এর মাধ্যমে যোগাযোগের ব্যবস্থা। | ২৫/০২/২০২২ | ২৪/০২/২০২২ |
| ন্যূনতম একটি সেবা ডিজিটাইজকৃত | বন্দির বর্তমান অবস্থা সম্পর্কিত তথ্য অনলাইনে প্রদান | ৩০/১২/২০২১ | ২৮/১১/২০২১ |

**অফিসের নাম: ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর**

| কার্যক্রম (লক্ষ্যমাত্রা) | বাস্তবায়িত কার্যক্রম | তারিখ (লক্ষ্যমাত্রা) | বাস্তবায়নের তারিখ |
|---|---|---|---|
| একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত | ‘ফায়ার সেফটি ম্যানেজার কোর্স’ এবং ‘ফায়ার সাইন্স ও অকুপেশনাল কোর্স’-এর সনদে QR Code সংযোজন করত অনলাইনে প্রদান | ১৬/০৩/২০২২ | কার্যক্রম চলমান |
| একটি সেবা সহজিকৃত | স্টেশন হতে প্রেরিত মাসিক প্রতিবেদনসমূহ সহজিকরণ | ২৫/০২/২০২২ | ২৪/০২/২০২২ |
| ন্যূনতম একটি সেবা ডিজিটাইজকৃত | অনলাইন স্টোর ম্যানেজমেন্ট | ৩০/১২/২০২১ | ২৬/১২/২০২১ |

**অফিসের নাম: মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর**

| কার্যক্রম (লক্ষ্যমাত্রা) | বাস্তবায়িত কার্যক্রম | তারিখ (লক্ষ্যমাত্রা) | বাস্তবায়নের তারিখ |
|---|---|---|---|
| একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত | পারফরমেন্স বক্স/ড্রাগ মিউজিয়াম | ১৬/০৩/২০২২ | ২২/০৯/২০২১ |
| একটি সেবা সহজিকৃত | মাদকবিরোধী কার্যক্রমে নিয়োজিত বেসরকারি সংস্থার নিবন্ধন প্রদান | ২৫/০২/২০২২ | ২০/০২/২০২২ |
| ন্যূনতম একটি সেবা ডিজিটাইজকৃত | বিলাতি মদের ব্র্যান্ড রেজিস্ট্রেশন | ৩০/১২/২০২১ | ৩০/১২/২০২১ |

**১.২ সিদ্ধান্তঃ**

(ক) উদ্ভাবনী ধারণা লক্ষ্যমাত্রার তারিখের মধ্যে বাস্তবায়ন করার উদ্যোগ গ্রহণ;

(খ) উদ্ভাবনী ধারণা, সেবা সহজিকৃত ও সেবা ডিজিটাইজকৃত কার্যক্রমের প্রমাণকসহ অন্যান্য প্রয়োজনীয় ডকুমেন্টসমূহ প্রস্তুত ও যথাযথভাবে সংরক্ষণ করা।

**২.০ আলোচ্য বিষয়:** প্রশিক্ষণ ও কর্মশালার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও আশু করণীয় নির্ধারণ।

**২.১ আলোচনা:** সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও অধীন অধিদপ্তরসমূহের ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার আওতায় প্রশিক্ষণ ও কর্মশালার লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক ধার্যকৃত ৪টি প্রশিক্ষণ বাস্তবায়নের বিপরীতে ৪টি প্রশিক্ষণ এবং ৪টি কর্মশালা বাস্তবায়নের বিপরীতে ২টি কর্মশালার আয়োজন সম্পন্ন হয়েছে। ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক ৪টি প্রশিক্ষণ বাস্তবায়নের বিপরীতে ২টি প্রশিক্ষণ এবং ৪টি কর্মশালা বাস্তবায়নের বিপরীতে ২টি কর্মশালার আয়োজন সম্পন্ন হয়েছে। কারা অধিদপ্তর কর্তৃক ৪টি প্রশিক্ষণ বাস্তবায়নের বিপরীতে ২টি প্রশিক্ষণ এবং ৪টি কর্মশালা বাস্তবায়নের বিপরীতে ২টি কর্মশালার আয়োজন সম্পন্ন হয়েছে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক ৪টি প্রশিক্ষণ বাস্তবায়নের বিপরীতে ২টি প্রশিক্ষণ এবং ৪টি কর্মশালা বাস্তবায়নের বিপরীতে ৭টি কর্মশালা আয়োজন সম্পন্ন হয়েছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক ৪টি প্রশিক্ষণ বাস্তবায়নের বিপরীতে ২টি প্রশিক্ষণ এবং ৪টি কর্মশালা বাস্তবায়নের বিপরীতে ২টি কর্মশালার আয়োজন সম্পন্ন হয়েছে।

**২.২ সিদ্ধান্ত:**

(ক) সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও অধীন অধিদপ্তরসমূহের জন্য নির্ধারিত প্রশিক্ষণ কার্যক্রমের অসমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি ও কর্মশালাসমূহ আগামী ৩১ মে ২০২২ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

(খ) প্রশিক্ষণ ও কর্মশালা সংক্রান্ত কার্যক্রমের প্রমাণকসহ অন্যান্য প্রয়োজনীয় ডকুমেন্টস প্রস্তুতপূর্বক যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ড. তরুণ কান্তি শিকদার
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৩১.০০৬.১৭.৫৩

তারিখ: ২ চৈত্র ১৪২৮
১৬ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ

২) যুগ্মসচিব, পরি-১ শাখা ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ

৩) উপসচিব, কারা-১ শাখা ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ

৪) প্রোগ্রামার, আইসিটি সেল ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ

৫) সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ

মোঃ আবদুল কাদির
উপসচিব